গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
গবেষণা শাখা-১

**কৃষি সচিব এম আবদুল আজিজ এনডিসি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাউমেন্ট ট্রাষ্ট (বিকেজিইটি), Board of Trustees এর প্রথম সভার কার্য-বিবরণী।**

সভাপতিঃ এম আবদুল আজিজ এনডিসি, সচিব, কৃষি মন্ত্রণালয়
তারিখঃ ২৭/০৪/২০০৮ খ্রিঃ,
সময়ঃ দুপুর ১২:০০ ঘটিকা
স্থানঃ কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

২৭ এপ্রিল, ২০০৮ খ্রিঃ তারিখে কৃষি সচিব মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাউমেন্ট ট্রাষ্ট (বিকেজিইটি), Board of Trustees এর প্রথম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"-তে সন্নিবেশিত হলো।

২। সভাপতি উপস্থিত সকল-কে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমোদনক্রমে কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (গবেষণা) সভার এজেন্ডাসমূহ সভায় উপস্থাপন করেন। ট্রাষ্ট গঠনের পটভূমি এবং সরকার প্রণীত প্রস্তাবিত গঠনতন্ত্র উপস্থাপনপূর্বক তিনি সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ কর্তৃক প্রণীত এমওইউ এবং রেজুলিউশন মোতাবেক বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাউমেন্ট ট্রাষ্ট (বিকেজিইটি) এর Board of Trustees গঠন করা হয়েছে। তাছাড়া বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের পরামর্শ মোতাবেক রেজুলিউশন এবং এমওইউ ইংরেজীতে গেজেট আকারে প্রকাশের অনুমতি প্রদানের জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলা ভাষা বাস্তবায়ন কোষকে অনুরোধ করা হয়েছে এবং তা সরকারী গেজেটে প্রকাশের জন্য বাংলাদেশ সরকারী মুদ্রণালয়-কে অনুরোধ করা হয়েছে । এছাড়া দি ট্রাষ্ট এ্যাক্ট,১৯৮২ ( এ্যাক্ট নং- II of 1982) (বিকেজিইটি) নিবন্ধনভুক্তকরণ করতে হবে। ট্রাষ্ট এ্যাক্ট এর ২০-২১ ধারা মোতাবেক seed money বিনিয়োগের জন্য ব্যাংক নির্বাচন, হিসাবের নাম, হিসাবের ধরণ এবং অপারেটর বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ ছাড়াও ৩৫০.০০ ( তিনশত পঞ্চাশ কোটি) টাকা একত্রে ছাড়করণের জন্য অর্থ বিভাগকে অনুরোধ বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।



E:\Raim\K.G.F.doc

৩। সভাপতি এ পর্যায়ে ট্রাষ্টের রেজুলিউশন/ গঠনতন্ত্র, ম্যানেজার নির্বাচন, একাউন্ট খোলা ও পরিচালনাসহ সকল বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত আহবান করেন। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা পরিচালক ড. মোঃ আসাদুজ্জামান বলেন যে, অর্থ বিভাগ কর্তৃক প্রণীত এমওইউ এবং রেজুলিউশনের ভিত্তিতে এ্যাক্ট নিবন্ধিকরণের পূর্বে একজন আইন উপদেষ্টার মতামত গ্রহণ সমীচীন এবং আইন মন্ত্রণালয়ের ভেটিং নেয়া প্রয়োজন। তিনি আরো বলেন যে, প্রাথমিকভাবে ট্রাষ্ট পরিচালনার জন্য একটি অন্তবর্তীকালীন STD একাউন্ট খুলতে হবে যা পরবর্তীতে ট্রান্সফার করা যাবে। তম্মধ্যে সোনালী ব্যাংক উত্তম হিসেবে তিনি অভিহিত করেন। পরবর্তীতে যেখানে লভ্যাংশ বেশী পাওয়া যাবে বোর্ড এর সিদ্ধান্তক্রমে সেখানে টাকা ইনেভস্ট করা হবে। এছাড়া ম্যানেজার নির্বাচন করতে হবে যিনি ট্রাষ্টের সকল হিসাবের কার্যাদি সম্পাদনসহ গঠনতন্ত্র মোতাবেক অর্পিত সকল দায়িত্ব সম্পাদন করবেন।

৪। ড. সাজ্জাদ জহির, সদস্য, ইকোনমিসক রিসার্চ গ্রুপ সভাকে অবহিত করেন যে, সরকার প্রণীত প্রস্তাবিত গঠনতন্ত্রের /রেজুলিউশনের ৯ ধারায় পার্ট টাইম ট্রাষ্ট্রীর পরিবর্তে ট্রাষ্টী পড়তে হবে কারণ ট্রাষ্টী পার্ট টাইম হতে পারে না এবং ১৩ ধারায় এম ডি শব্দের পরিবর্তে ম্যানেজার পড়া উচিত। এছাড়া ট্রাষ্ট হিসেবে রেজিষ্ট্রেশন হবে না এনজিও'র নামে রেজিষ্ট্রেশন হবে এ বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন।

৫। কৃষি গবেষণা ফাউন্ডেশনের চেয়ারম্যান ড.এম এম হাসানুজ্জামান সভাকে অবহিত করেন যে, ট্রাষ্ট এবং ফাউন্ডেশনের মধ্যে পারস্পরিক কোন দ্বন্দের উদ্ভব হবে কিনা তা যাচাই করা প্রয়োজন।

৬। সভাপতি উপস্থিত সকল-কে বলেন যে, আগে ট্রাষ্ট যাত্রা শুরু করুক । পরবর্তীতে কোন সংশোধন প্রয়োজন হলে ট্রাষ্টের সম্মতিক্রমে সংশোধন করা যাবে। তাছাড়া ট্রাষ্ট ফান্ডের লভ্যাংশের অর্থ একাউন্টে জমা না হওয়া পর্যন্ত এনএটিপি থেকে আনুসংগিক খরচাদি বহনের জন্য পরামর্শ প্রদান করেন। এতে কৃষি গবেষণা ফাউন্ডেশনের চেয়ারম্যানসহ উপস্থিত অন্য সদস্যগণ একমত পোষণ করেন।

৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহীত হয়ঃ

(ক) ট্রাষ্ট পরিচালনা এবং আয়ন-ব্যয়ের সুবিধার্থে সোনালী ব্যাংক, বাংলাদেশ সচিবালয় শাখায় আপাততঃ ~~৩ (তিন) মাস মেয়াদী~~ STD একাউন্ট খোলা হবে। হিসাবের নাম হবে বিকেজিইটি হিসাব। ট্রাষ্টের ম্যানেজার নিয়োগ না হওয়া পর্যন্ত/ পরবর্তী সিদ্ধান্ত না দেয়া পর্যন্ত হিসাবটি ট্রাষ্টের সভাপতি কৃষি সচিব এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা পরিচালক ড. মোঃ আসাদুজ্জামান এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

(খ) পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত আপাততঃ বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা পরিচালক ড. মোঃ আসাদুজ্জামান ট্রাষ্টের ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

(গ) ভবিষ্যতে ট্রাষ্টের বিভিন্ন ধারা সংশোধনের প্রয়োজন হলে আইন মন্ত্রণালয়ের ভেটিং গ্রহণ করতে হবে।

(ঘ) ট্রাষ্ট নিবন্ধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

(ঙ) ট্রাষ্টের লভ্যাংশ না পাওয়া পর্যন্ত এনএটিপি ফান্ড হতে আনুসংগিক খরচাদি বহন করা হবে। এ বিষয়ে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) কৃষি মন্ত্রণালয়ের উপ-সচিব (গবেষণা) আপাততঃ ট্রাষ্টের সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬। পরিশেষে সভাপতি উপস্থিত সকল-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম আবদুল আজিজ এনডিসি
সচিব